দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10 MAY 2003
পৃষ্ঠা ... ২০ কলাম ... ৪

### ফাজেল সনদপত্র ডিগ্রির সমতুল্য করার সুপারিশ

# প্রতিবছর বিসিএস পরীক্ষা গ্রহণে পিএসসি'র ১২ দফা পদক্ষেপ

বাসস ঃ প্রতিবছর বিসিএস পরীক্ষা গ্রহণের জন্য বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) ১২ দফা পদক্ষেপ গ্রহণ করেছে। আগামী ২৫তম বিসিএস থেকে এগুলো কার্যকর করে নিয়মিত পরীক্ষা অনুষ্ঠান করা হবে। পিএসসির বার্ষিক প্রতিবেদনে এ কথা বলা হয়। প্রতিবেদনটি বৃহস্পতিবার রাতে জাতীয় সংসদে উপস্থাপন করা হয়। প্রতিবেদনে বলা হয়, বিসিএস পরীক্ষা পদ্ধতি ও ফল প্রকাশের প্রক্রিয়াকেই কেবল সুষ্ঠু করা নয়, বিসিএস পরীক্ষাসহ ক্যাডার ও নন-ক্যাডার সর্বক্ষেত্রে যোগ্য (১৯শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রতিবছর বিসিএস

(শেষ পৃঃ পর)

প্রার্থী বাছাইয়ের প্রশ্নে বর্তমান প্রচলিত ৪৫ শতাংশ মেধা এবং ৪৫ শতাংশে নানাবিধ কোটা এ অবস্থার উত্তরণ ঘটিয়ে সকল পরীক্ষা ও বাছাই পদ্ধতিকে একটি ক্রমবর্ধমান মেধাভিত্তিক পদ্ধতিতে পৌঁছানোর উদ্যোগ নিয়েছে পিএসসি। ইতোমধ্যে মুক্তিযোদ্ধা সন্তানদের কোটায় প্রার্থী পাওয়া না গেলে সেখানে মেধার ভিত্তিতে শূন্য পদসমূহে সাধারণ সফল প্রার্থীদের মধ্য থেকে চাকরিতে নিয়োগের সিদ্ধান্ত সরকার অনুমোদন করেছে।

প্রার্থী বাছাইয়ে দক্ষতার কথা উল্লেখ করে প্রতিবেদনে বলা হয়, সরকারের বিভিন্ন কর্মকাণ্ডে গতিশীলতা আনার জন্য ইংরেজি ও বাংলা ভাষা জ্ঞানের দক্ষ প্রার্থী বাছাই অপরিহার্য। এজন্য এখন থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় পৃথক পৃথকভাবে যেসব প্রার্থীর ৪৫ শতাংশ নম্বর থাকবে, তারাই বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। আগামী ২৫তম বিসিএস থেকে এ নিয়ম কার্যকর হবে। লিখিত পরীক্ষা প্রসঙ্গে প্রতিবেদনে বলা হয়, বিসিএস লিখিত পরীক্ষায় ঐচ্ছিক বহু বিষয় থাকায় সঠিক মেধা নির্ধারণ সম্ভব হচ্ছে না। এজন্য বিসিএস পরীক্ষা থেকে ঐচ্ছিক বিষয়সমূহ বাদ দিয়ে একটি সমন্বিত নীতির ভিত্তিতে সব ক্যাডারের জন্য ৫টি বিষয়ের ওপর লিখিত পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। এ সিদ্ধান্ত মেধা নির্ধারণ সহায়ক হবে। মাদ্রাসার ছাত্র-ছাত্রীদে বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের সুযোগদান প্রস প্রতিবেদনে বলা হয়, মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখি ও আলিম পাসের সনদপত্র এসএসসি এইচএসসি সমমানের বলে গণ্য। তবে ফাজিল কামেল পাসের সনদপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক কে ডিগ্রির সমমানের বলে সরকার কর্তৃক এখ ঘোষিত নয়। ফলে মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা বিসি পরীক্ষায় অংশ নিতে পারে না। মাদ্রাসা বোর্ ফাজিল সনদপত্রকে বিশ্ববিদ্যালয়ের ডিগ্রির সমতু করে আপডেট করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জু কমিশন (ইউজিসি) সুপারিশ করেছিল। এ ব্যাপা সরকার এখনো কোন পদক্ষেপ গ্রহণ করেনি মাদ্রাসা শিক্ষাকে গুরুত্ব দেয়ার জন্য এ ব্যাপা দ্রুত সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন বলে পিএসসি প্রতিবেদনে সুপারিশ করা হয়।